

NEWYORK – PRESBYTERIAN HOSPITAL

অনুদান পরিচর্যার নীতি সংক্ষিপ্তসার

NewYork-Presbyterian Hospital-এর নিজের হাসপাতালে যে রোগীরা স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা গ্রহণ করেন এবং আর্থিক সাহায্যের দরকার আছে তাদের বয়স, লিঙ্গ, জাতি, জাতিয়তা পরিচয়, আর্থিক-সামাজিক বা অভিবাসন অবস্থান, যৌনগত স্থিতি বা ধার্মিক স্বীকৃতি ব্যতিরেকে সাহায্য করার দীর্ঘ নীতি আছে।

যদি আপনার NEW YORK – PRESBYTERIAN HOSPITAL (হাসপাতাল)-এ কোনও আর্থিক বাধ্যবাধকতা থাকে এবং আপনার পরিশোধ করার ক্ষমতা না থাকে, NYPH -এর কাছে একটি অনুদান পরিচর্যা নীতি আছে যা যোগ্য রোগীকে সাহায্য করতে পারে।

আমি অনুদান পরিচর্যার জন্য যোগ্য কিনা তা আমি কি করে জানব?

- নিউ ইয়র্কের আবাসিকরা চিকিৎসাগতভাবে আবশ্যিক আপত্‌কালীন পরিষেবার উদ্দেশ্যে অনুদান পরিচর্যার জন্য যোগ্য হতে পারেন। হাসপাতালের প্রাথমিক পরিষেবা এলাকার আবাসিকরা চিকিৎসাগতভাবে আবশ্যিক অ-আপত্‌কালীন পরিষেবার উদ্দেশ্যে অনুদান পরিচর্যার জন্য যোগ্য হতে পারেন।
- NewYork-Presbyterian/Columbia (Morgan Stanley Children’s Hospital of NewYork-Presbyterianসহ), NewYork-Presbyterian/Weill Cornell, NewYork-Presbyterian/Lower Manhattan এবং NewYork-Presbyterian/Allen-এর জন্য প্রাথমিক পরিষেবা এলাকার মধ্যে নিউ ইয়র্ক সিটির পাঁচটি বোরো (কাউন্টি) রয়েছে।
- NewYork-Presbyterian/Westchester-এর জন্য প্রাথমিক পরিষেবা এলাকার মধ্যে নিম্নলিখিত কাউন্টিগুলি রয়েছে: Westchester, Bronx, Orange, Putnam এবং Rockland.
- যে সমস্ত রোগীরা উপরোক্ত মানদণ্ড পূরণ করবেন এবং নিম্নে প্রদর্শিত রাশির চেয়ে কম আয় রয়েছে তারা অনুদান পরিচর্যার জন্য যোগ্য হতে পারেন।

পরিবার বা বাড়ির ব্যক্তি	আয় (EFF. 1/18/2018)
1	\$48,560
2	\$65,840
3	\$83,120
4	\$100,400
অতিরিক্ত প্রত্যেক ব্যক্তির জন্য, যোগ করুন।	\$17,280

- অনুদান পরিচর্যার যোগ্যতা সাধারণত অনুদান পরিচর্যায় আবেদন সম্পূর্ণ করার ওপর নির্ধারণ করা হবে।
- এই নীতি চিকিৎসাগত বা অন্যান্য পরিষেবা প্রদানকারীদের চার্জের জন্য প্রযোজ্য নয় যারা নিজের পরিষেবার জন্য স্বাধীনভাবে বিল করেন। হাসপাতালের ACN (ক্লিনিক) পরিষেবা প্রদানকারীরা অনুদান পরিচর্যা নীতির দ্বারা অন্তর্ভুক্ত।

আমি কি ধরনের সাহায্য পেতে পারি?

- হাসপাতাল নিজের অনুদান পরিচর্যা কর্মসূচীর জন্য যোগ্য রোগীকে, সেই সমস্ত রোগী যাদের আপত্‌কালীন বা অন্যান্য চিকিৎসাগতভাবে আবশ্যিক পরিচর্যার জন্য বিমা আছে তাদেরকে সাধারণত যা বিল করা হয় (AGB) তার চেয়ে বেশি চার্জ করবে না। অন্যান্য সমস্ত পরিচর্যার জন্য একজন যোগ্য ব্যক্তিকে, হাসপাতালের মোট চার্জের চেয়ে বেশি চার্জ করা হবে না। হাসপাতাল প্রত্যাশিত পদ্ধতি ব্যবহার করে AGB গণনা করে এবং বর্তমান নিউ ইয়র্ক স্টেট-এর Medicaid দরের পরিষেবার জন্য ফি-এর ওপর ভিত্তি করে গণনা করে।
- যোগ্য রোগীদের জন্য একটি কিস্তি পেমেন্ট প্ল্যান উপলব্ধ করা হবে।
- একবার আপনার আবেদন জমা হওয়ার পর, আমরা সেই আবেদনের ওপর একটি সিদ্ধান্ত নেওয়া পর্যন্ত আপনি যে কোনও বিল উপেক্ষা করতে পারেন।

আমি কিভাবে আবেদন করতে পারি বা আমার প্রশ্নের উত্তর পেতে পারি?

- অনুদান পরিচর্যা নীতি, সক্ষিষ্টসার এবং আবেদন আমাদের অ্যাডমিটিং কার্যালয় বা হাসপাতালের ওয়েবসাইট www.nyp.org-এর অধীনে চ্যারিটি কেয়ার বোতামে ইংরেজী এবং অন্যান্য ভাষায় উপলব্ধ রয়েছে।
- অনুদান পরিচর্যার জন্য যোগ্যতা এবং আবেদন প্রক্রিয়া সম্পর্কিত তথ্য আমাদের অ্যাডমিটিং কার্যালয়ে উপলব্ধ রয়েছে বা আমাদেরকে **টোল ফ্রি (866) 252-0101 নম্বরে** ফোন করে পেতে পারেন।